# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date: 01-04-2026** **Time:- 1-30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অসমে বিজেপি সরকারের আমলে উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে। তিনি আজ ওই রাজ্যে নির্বাচনী প্রচারে অংশ নিচ্ছেন।

২) সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গের SIR আডজুডিকেশনে বাদ যাওয়া ভোটারদের নাম, অন্তর্ভুক্তির জন্য আপিল ট্রাইবুনালের কাজ আজ থেকে শুরু করার নির্দেশ দিয়েছে।

৩) দেশজুড়ে জনগণনার কাজ শুরু হলেও পশ্চিমবঙ্গের এখনও এবিষয়ে বিজ্ঞপ্তি জারি হয়নি বলে সেন্সাস কমিশনার তথা ভারতের রেজিস্ট্রার জেনারেল জানিয়েছেন।

৪) তেল বিপণন সংস্থাগুলি দেশে বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারে দাম বৃদ্ধি করেছে।

৫) IPL-এ আজ লখনউতে লখনউ সুপার জায়ান্টস, দিল্লি ক্যাপিটালসের মুখোমুখি হবে।

৬) ফিফা বিশ্বকাপ ফুটবলে পুনরায় যোগ্যতা অর্জনে ব্যর্থ, চারবারের বিশ্বকাপজয়ী ইতালি।

*********************************************************************

প্রধানমন্ত্রী বলেছেন, বিজেপি সরকারের আমলে অসমে উল্লেখযোগ্য উন্নয়নের কাজ হয়েছে। তিনি আজ অসমের ধেমাজি জেলার গোগামুখে নির্বাচনী প্রচারে অংশ নিয়ে বলেন, মানুষ এবারেও অসমে বিজেপি সরকার গড়বে।

( বাইট- প্রধানমন্ত্রী )

অসমের বিধানসভা নির্বাচনে বিজেপি প্রার্থীদের সমর্থনে প্রধানমন্ত্রী আজ প্রথমে একটি জনসভায় বক্তব্য রাখেন। এরপর, প্রধানমন্ত্রী বিশ্বনাথ জেলার বেহালিতে যাবেন। পরে, দ্বিতীয় জনসভায় ভাষণ দেবেন। এই সভার মাধ্যমে তিনি বিশ্বনাথ, বেহালি এবং গহপুর—এই তিনটি গুরুত্বপূর্ণ কেন্দ্রের ভোটারদের লক্ষ্য করে তাঁর বার্তা দেবেন। প্রধানমন্ত্রী আজ তাঁর সফরকালে ডিব্রুগড়ে একটি চা বাগানে কর্মরত মহিলা শ্রমিকদের সঙ্গে কথা বলেন। অসমের কর্মসূচি শেষ করে নতুন দিল্লিতে ফিরে যাবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

*********************************************************************

প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, আজ কলকাতায় আসছেন।

আগামীকাল তিনি ভবানীপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত থাকবেন বলে দলীয় সূত্রে জানা গেছে। বেলা ১২'টা নাগাদ তিনি এই উপলক্ষ্যে হাজরা মোড় থেকে ভবানীপুরের সার্ভে বিল্ডিং পর্যন্ত এক রোড শো-এ অংশ নেবেন। আগামীকাল দুপুরে'ই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

*********************************************************************

নতুন অর্থবর্ষ ২০২৬-২৭ এর শুরু থেকে একগুচ্ছ গুরুত্বপূর্ণ আর্থিক নিয়ম বিধির পরিবর্তন হয়েছে। এরমধ্যে আজ থেকে ছয় দশকের পুরোনো আয়কর আইনের জায়গায় ২০২৫ এর নতুন আয়কর আইন কার্যকর হয়েছে। পুরোনো নিয়ম কানুন পরিবর্তন করে কর ব্যবস্থা সহজ করা ও কর দাতা দের জন্য সংশ্লিষ্ট আইনটির মান্যতা দেওয়ার ব্যবস্থা করার লক্ষ্যে নতুন এই আইনটি চালু হয়েছে। এছাড়া আজ থেকে সারা দেশে ভারতীয় রিজার্ভ ব্যাংকের নির্দেশ অনুসারে সমস্ত ডিজিটাল আর্থিক লেনদেনের জন্য দুই স্তরের authentication বাধ্যতা মূলক করা হয়েছে।

অন্যদিকে আজ থেকে টোল সড়ক ও সেতুতে বার্ষিক ফাস্ট ট্যাগ ফিসের নতুন হার চালু হয়েছে। অন্যদিকে আয়কর রিটার্নের জন্য প্রয়োজনীয় নতুন Pan কার্ডের আবেদন করতে সংশোধিত নিয়ম বিধিও আজ চালু হয়েছে।

*********************************************************************

সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গে SIR-এ অ্যাডজুডিকেশনে বাদ যাওয়া ভোটদাতাদের নামের বিষয় বিবেচনা করার জন্য গঠিত আপিল ট্রাইব্যুনালের কাজ, আজ'ই শুরু করার নির্দেশ দিয়েছে।

প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ, আজ এই নির্দেশ দিয়ে বলেন, ট্রাইব্যুনালের বিচারপতিদের প্রাথমিক প্রশিক্ষণের কাজ, নির্বাচন কমিশনকে আজ'ই সম্পন্ন করতে হবে।

কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি ইনস্টিটিউটে ১৯ টি আপিলেট ট্রাইব্যুনালের বেঞ্চ বসবে। নির্বাচন কমিশন, রাজ্য ও বিচারবিভাগীয় আধিকারিকরা, বিভিন্ন জায়গা পরিদর্শনের পর এই স্থান মনোনীত করেছেন। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের এই দপ্তরে কাজের জন্য আপাতত ৮ সপ্তাহের অনুমতি নিয়েছে নির্বাচন কমিশন। শীর্ষ আদালতে আজ মামলার শুনানিতে রাজ্য সরকার ও মামলাকারী মোস্তারি বানুর আইনজীবী, কয়েক লক্ষ প্রকৃত ভোটদাতা আদৌ তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারবেন কিনা, তা' নিয়ে সংশয় ব্যক্ত করেন। বিচারপতি জয়মাল্য বাগচি ফের নির্বাচন কমিশনের উদ্দেশে বলেন, কোন অযোগ্য ভোটারের নাম তালিকাভুক্ত হওয়া এবং তিনি ভোটদান করুন সেটা যেমন কাম্য নয়, একইভাবে প্রকৃত যোগ্য ভোটার তার অধিকার হারান, সেটাও আদালতের কাছে অনভিপ্রেত।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল গতকাল শীর্ষ আদালতে চিঠি দিয়ে জানান, এখন পর্যন্ত ৪৭ লক্ষ নামের নিস্পত্তি হয়ে গেছে। প্রতিদিন'ই আরো প্রায় ২ লক্ষ নামের নিস্পত্তি করা হচ্ছে। ৭'ই এপ্রিলের মধ্যে এডজুডিকেশনের কাজ সম্পন্ন হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চে আগামী ৬'ই এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

*************************************************************************

পুদুচেরীর নির্বাচন বিভাগ ওই কেন্দ্রশাসিত অঞ্চলের তিরিশটি বিধানসভা  আসনের সবকটিতেই নির্বাচনী আচরণবিধি কার্যকর করতে ড্রোনের মাধ্যমে নজরদারী জোরদার করেছে। মান্নাডিপেট বিধানসভা আসনে বেআইনীভাবে ভোটারদের মধ্যে অর্থ বতরণের সময় ড্রোন নজরদারিতে  তা ধরা পড়ে । এরপরই ঘটনাস্থল থেকে ১১ হাজার টাকা নগদ  ও একটি টু -হুইলার আটক করা হয়। পুদুচেরীর মুখ্য নির্বাচনী আধিকারিক পি জওহর আচরণবিধি লঙ্ঘনের কোনো  ঘটনা ঘটলে, তা e-vigil app অথবা কমিশনের হেল্প  লাইনের মাধ্যমে জানানোর জন্য মানুষের কাছে আহ্বান  জানিয়েছেন।

*************************************************************************

দেশজুড়ে আজ জনগণনার কাজ শুরু হলেও, পশ্চিমবঙ্গে এসংক্রান্ত বিজ্ঞপ্তি এখনো জারি হয়নি বলে ভারতের রেজিস্ট্রার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ জানিয়েছেন।

তবে একইসঙ্গে এ'ও বলেছেন, প্রথম পর্যায়ে যেহেতু ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত এই প্রক্রিয়া চলবে, তাই এরাজ্য খুব শীঘ্রই এসংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করবে বলে আশা করা যায়। যেহেতু এই প্রক্রিয়ায় আইনি বাধ্যবাধকতা রয়েছে, তাই দেরীতে হলেও রাজ্যকে এই জনগণনায় অংশ নিতেই হবে বলেও মৃত্যুঞ্জয় কুমার জানিয়েছেন।

( বাইট- মৃত্যুঞ্জয় )

উল্লেখ্য, দুটি পর্যায়ে এই গণনার কাজ চলবে। সরকার প্রথম পর্যায়ের জন্য ৩৩ টি প্রশ্নের তালিকা প্রকাশ করেছে। রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলির নির্ধারিত সময়সূচি অনুসারে গণনার প্রথম পর্ব চলবে ৩০-শে সেপ্টেম্বর পর্যন্ত। এর মধ্যে self enumeration বা নিজের সম্পর্কে তথ্য জানানোর কাজ চালানো হবে, ১৫'ই এপ্রিল পর্যন্ত। self enumeration পোর্টালের নির্দেশিকা দেশের ১৬ টি ভাষায় দেওয়া হবে।

১৬'ই এপ্রিল থেকে ১৫'ই মে পর্যন্ত হবে, বাড়ি বাড়ি গিয়ে গণনা ও বাড়ির তালিকা তৈরির কাজ। জনগণনার দ্বিতীয় পর্বে হবে জাতিগত গণনা । তা' শুরু হবে আগামী বছরের ফেব্রুয়ারী মাসে।

*************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'অবাধ ভোটের হাতিয়ার-প্রযুক্তি' রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং পর্যবেক্ষক সুব্রত গুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************************************************************

পশ্চিম এশিয়ায় সংঘাতের আবহে, তেল বিপণন সংস্থাগুলি, দেশে বাণিজ্যিক LPG গ্যাস সিলিন্ডারের দাম বৃদ্ধি করেছে। প্রতি সিলিন্ডারে এই বৃদ্ধি হয়েছে ৯৫ টাকা ৫০ পয়সা। গত মধ্যরাত থেকেই এই বর্ধিত দাম কার্যকর হয়েছে।

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সূত্রে জানা গেছে, কলকাতায় ১৯ কেজি বাণিজ্যিক LPG সিলিন্ডারের দাম বেড়ে হয়েছে দু'হাজার দুশো ৮ টাকা।

দিল্লিতে বর্ধিত দাম, ২'হাজার ৭৮ টাকা ৫০ পয়সা, মুম্বাইতে তা'' ২'হাজার ৩১ টাকা এবং চেন্নাইতে ২'হাজার ২৪৬ টাকা ৫০ পয়সা।

তবে, গৃহস্থলির রান্নার গ্যাসের দাম ৯৩৯ টাকাতেই 'অপরিবর্তিত' রয়েছে।

*********************************************************************

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, সংবিধান সদনের ৫৮টি ম্যুরাল শুধুমাত্র শিল্পকর্ম নয়, বরং ভারতের দীর্ঘ সভ্যতার যাত্রাপথের এক প্রতিচ্ছবি। রাজ্যসভার সাংসদ সুধা মূর্তির লেখা 'টাইডস অফ টাইম' বইটির প্রকাশ করে তিনি এই মন্তব্য করেন। উপরাষ্ট্রপতি জানান, সংসদ ভবনের এই শিল্পকর্মগুলি শুধু ইতিহাস নয়, দেশের সাংস্কৃতিক ও দার্শনিক ঐতিহ্যের ধারকও, যা বইটিতে অত্যন্ত সুচারুভাবে তুলে ধরেছে।

( বাইট- উপরাষ্ট্রপতি )

অনুষ্ঠানে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, সংসদ কেবলমাত্র আলোচনার জায়গা নয়, একে ভবিষ্যৎ প্রজন্মের জন্য কেন্দ্র হিসেবে দেখা উচিত।

*********************************************************************

জম্মু কাশ্মীর বিধানসভায় আজ ৬৪ টি ব্যক্তিগত সদস্যের বিল আলোচনার জন্য তালিকা ভূক্ত হয়েছে। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, এর মধ্যে ন্যাশনাল কনফারেন্সের বিধায়ক তনভীর সাদিকের বিলটিতে জম্মু কাশ্মীর ল্যান্ড গ্রান্টস রুলস ২০২২-এর প্রেক্ষিতে যেসব মানুষের আগে থেকে জমির লীজ রয়েছে, সেগুলি পুননবীকরণের প্রস্তাব রাখা হয়েছে। অন্যান্য ব্যক্তিগত সদস্যের বিলগুলি হয় প্রত্যাহার করা হবে অথবা সরকার সেগুলির বিরোধিতা করবে বলে মনে করা হচ্ছে।

*******************************************************************

জন্মসূত্রে নাগরিকত্ব সংক্রান্ত একটি মামলায়, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সেদেশের সুপ্রীম কোর্টে শুনানিতে হাজির থাকতে পারেন। হোয়াইট হাউস সূত্রে জানানো হয়েছে, জন্মসূত্রে নাগরিকত্ব প্রদানের অধিকার নিয়ন্ত্রণ করে রাষ্ট্রপতির বিশেষ ক্ষমতাবলে দেওয়া নির্দেশ নিম্ন আদালতে খারিজ হয়ে যাওয়ায়, সুপ্রীম কোর্টে তার বিরুদ্ধে আপিল বিষয়ে শুনানি হচ্ছে।

উল্লেখ্য, ডোনাল্ড ট্রাম্প রাষ্ট্রপতিপদে তাঁর দ্বিতীয়বারের মেয়াদের দ্বিতীয় দিনেই ঘোষণা করেন যে, মার্কিন যুক্তরাষ্ট্রে বেআইনিভাবে অথবা সাময়িকভাবে বসবাসকারী পিতামাতার সন্তান সেদেশের নাগরিকত্ব পাবে না।

*******************************************************************

আইপিএল ক্রিকেটের আজ, লখনউয়ের ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী একানা ক্রিকেট স্টেডিয়ামে লখনউ সুপার জায়ান্টস মুখোমুখি হবে দিল্লি ক্যাপিটালসের। ম্যাচটি শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

গতরাতে নিউ চণ্ডিগড়ের মহারাজা যাদবিন্দ্র সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত টুর্নামেন্টের চতুর্থ ম্যাচে, পাঞ্জাব কিংস গুজরাট টাইটান্সকে ৩ উইকেটে পরাজিত করেছে। এই ম্যাচে পাঞ্জাবের হয়ে কুপার কনোলি অপরাজিত ৭২ রানের এক দুর্দান্ত ইনিংস খেলেন। পাঞ্জাব কিংস, ১৬৩ রানের লক্ষ্য তাড়া করে ৫ বল বাকি থাকতেই ১৬৫ রান করে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। কুপার কনোলি ম্যাচ এর সেরা নির্বাচিত হন। এর আগে, টস এ জিতে পাঞ্জাব কিংস, প্রথমে গুজরাট টাইটান্সকে ব্যাট করতে পাঠায়, তারা নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১৬২ রান সংগ্রহ করে।

*******************************************************************

পরপর তিনবার ফিফা বিশ্বকাপের যোগ্যতা অর্জনে ব্যর্থ চারবারের বিশ্বকাপ জয়ী ইতালি। ইউরোপিয়ান প্লে–অফ ফাইনালে বসনিয়া–হার্জেগোভিনার বিরুদ্ধে যোগ্যতা অর্জনের ম্যাচে টাইব্রেকারে ৪-১ গোলে হেরে যায় ইতালি। ম্যাচে শুরুতে ১ গোলে এগিয়ে ছিল ইতালি। ৭৯ মিনিটে সমতা ফেরায় বসনিয়া। নির্ধারিত সময় ও অতিরিক্ত সময়ে ১-১ সমতা থাকায়, টাইব্রেকারে ফলাফল নির্ধারিত হয়।

২০১৮ সালে সুইডেন, ২০২২ সালে উত্তর মেসিডোনিয়ার পর এবার বসনিয়ার কাছে হেরে টানা তৃতীয়বার বিশ্বকাপের মূলপর্বে উঠতে ব্যর্থ হল ইতালি। এই জয়ের ফলে বসনিয়া–হার্জেগোভিনা ইতিহাসে দ্বিতীয়বারের মতো বিশ্বকাপ খেলা নিশ্চিত করল।

*******************************************************************

ষোড়শ হকি ইন্ডিয়া জাতীয় সাব-জুনিয়র মহিলা হকি চ্যাম্পিয়নশিপ ২০২৬ আজ রাঁচিতে শুরু হচ্ছে , চলবে এই মাসের ১২ তারিখ পর্যন্ত। বিকাল ৪টা ৩০ মিনিটে উদ্বোধনী অনুষ্ঠান হলেও আজ সকাল থেকেই গ্রুপ পর্বের ম্যাচগুলি শুরু হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ক্রীড়া ও যুব দপ্তরের সচিব মুকেশ কুমার।

*****************************************************************